যুগান্তর

তারিখ 04 MAR 2008
পৃষ্ঠা ৫ কলাম ৭

# স্কুল নির্মাণে সহায়তা করতে মার্কিন মেরিন সেনারা ফের আসছেন

কূটনৈতিক রিপোর্টার

সিডরে ক্ষতিগ্রস্তদের জন্য তাৎক্ষণিক ত্রাণ সহায়তার পর এবার মংলায় দুটি স্কুল নির্মাণ কাজে সহায়তা করতে মার্কিন মেরিন-সেনারা আবারও বাংলাদেশে আসছেন। ঢাকায় আমেরিকান দূতাবাস সোমবার জানিয়েছে, ইঞ্জিনিয়ার সিভিক অ্যাকশন প্রকল্পের (ইএনসিএপি) অংশ হিসেবে বাংলাদেশ সেনাবাহিনী সদস্যদের পাশাপাশি জাপানের ওকিনাওয়াভিত্তিক তৃতীয় মেরিন এক্সপিডিশনারি ফোর্সের সঙ্গে মার্কিন মেরিন সদস্যরা বাগেরহাট জেলার মংলা উপজেলায় শিগগিরই কাজ শুরু করবে।

ইএনসিএপি চলাকালীন মার্কিন মেরিন, বাংলাদেশ সেনাবাহিনী এবং নৌবাহিনী সদস্যরা যৌথভাবে শুধু স্থানীয়ভাবে সংগৃহীত জিনিসপত্র ব্যবহার করে মংলায় দুটি স্কুল নির্মাণ করবে। স্থানীয় কর্মকর্তা এবং সশস্ত্র বাহিনী বিভাগের নিবিড় সমন্বয় ও সহযোগিতা প্রক্রিয়ার মধ্য দিয়ে স্কুল দুটির জন্য জায়গা নির্বাচন করা হয়। মার্কিন দূতাবাস বলেছে, বাংলাদেশের জনগণ যখন ঘূর্ণিঝড় সিডরের ধ্বংসাত্মক প্রভাব উত্তরণে পুনর্নির্মাণ কাজ করে যাচ্ছে, তখন ইএনসিএপি তাদের জন্য যুক্তরাষ্ট্র সরকারের অব্যাহত সহায়তা অঙ্গীকারেরই একটি বহিঃপ্রকাশ। সহযোগিতা ও পারস্পরিক বিনিময়ের মাধ্যমে একত্রে কাজ করা এবং তাদের পেশাগত সম্পর্কের আরও উন্নয়ন ঘটাতে ইএনসিএপি যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ সশস্ত্র বাহিনী সদস্যদের সক্ষমতাকে জোরদার করবে বলে ঢাকাস্থ মার্কিন দূতাবাস মনে করে।